১৫৮

ভোরের কাগজ

তারিখ JAN. 5 1999
পৃষ্ঠা ১০ কলাম ৫

# ক্যাম্পাসে ছাত্রলীগের বিভিন্ন ধারার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : সমাজতন্ত্রে বিশ্বাসী ছাত্রলীগের ভিন্ন ভিন্ন ধারার সংগঠনগুলো গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচি পালন করেছে।

ছাত্রলীগ কেন্দ্রীয় পুনর্গঠন কমিটি প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে অপরাজেয় বাংলার পাদদেশে আলোচনা সভার আয়োজন করে। ওবায়দুর রহমান চুন্নুর সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন প্রকৌশলী মুনির উদ্দীন আহমেদ, আবুল হাসিব খান, শিরীন আখতার, আবদুল মালেক রতন, ডা. মুশতাক হোসেন, নাজমুল হক প্রধান, অধ্যাপক মোখলেসুর রহমান মুকতাদির, এডভোকেট রুহুল কুদ্দুস বাবু, আবদুল্লাহিল কাউয়ুম, ইশরাজুর রহমান শামীম, করিম শিকদার প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, শিক্ষাঙ্গনসমূহকে সত্য, ন্যায়, মানবতার সংগ্রামের কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করতে হলে এর ওপর থেকে রাষ্ট্রের নিয়ন্ত্রণ দূর করতে হবে। নেতা-নেত্রীদের লেজুরবৃত্তির বৃত্ত থেকে ছাত্র আন্দোলনকে মুক্ত করে স্বাধীন স্বকীয় ধারায় পরিচালিত করতে হবে।

সন্ধ্যায় টিএসসিতে সংগঠনের সাবেক নেতা-নেত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠান হয়। আলোচনা সভার আগে একটি বর্ণাঢ্য র‌্যালি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে।

দিবসটি উপলক্ষে বাসদ ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে। ইমাম গাজ্জালীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন রহমান মিজান, গোলাম মোঃ ফারুকী প্রমুখ।

বক্তারা ছাত্র সমাজ উত্থাপিত ১০ দফার ভিত্তিতে শিক্ষানীতি প্রণয়নের দাবি জানান।

বিশ্ববিদ্যালয়ের হাকিম চত্বরে প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করে ছাত্রলীগ (কাদের-হায়দার)। এ আলোচনা সভায় ফজলুল কাদের, রেজাকুল হায়দার প্রমুখ বক্তব্য রাখেন।